

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ২০৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৬: অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

### بَابُ تَحْرِيمِ الظُّلْمِ وَالْأَمْرِ بِرَدِّ الْمَظَالِمِ – (26)

আরবী

وَعَنْ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: «اتَّقُوا الظُّلْمَ ؛ فَإِنَّ الظُّلْمَ ظُلُمَاتٌ يَوْمَ الْقِيَامَةِ . وَاتَّقُوا الشُّحَّ ؛ فَإِنَّ الشُّحَّ أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ . حَمَلَهُمْ عَلَى أَنْ سَفَكُوا دِمَاءَهُمْ، وَاسْتَحَلُّوا مَحَارِمَهُمْ». رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿مَا لِلظَّالِمِينَ مِنْ ۙ حَمِيمٍ وَلَا شَفِيعٍ يُطَاعُ﴾ [غافر: ১৮]

অর্থাৎ “সীমালংঘনকারীদের জন্য অন্তরঙ্গ কোন বন্ধু নেই এবং এমন কোন সুপারিশকারীও নেই যার সুপারিশ গ্রাহ্য করা হবে।” (সূরা মুমিন ১৮ আয়াত)

﴿وَمَا لِلظَّالِمِينَ مِنْ نَّصِيرٍ﴾ [الحج: ৭১]

অর্থাৎ “যালেমদের কোন সাহায্যকারী নেই।” (সূরা হাজ্জ ৭১ আয়াত)

হাদীসসমূহ:

এই পরিচ্ছেদে আবু যার রাদিয়াল্লাহু 'আনহু-এর (১১৩নং) হাদীসটিও উল্লেখ্য, যেটি 'মুজাহাদাহ' পরিচ্ছেদের শেষে বর্ণিত হয়েছে।

১/২০৮। জাবের রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তোমরা অত্যাচার করা থেকে বাঁচো, কেননা অত্যাচার কিয়ামতের দিন অন্ধকার স্বরূপ। (অর্থাৎ অত্যাচারী সেদিন আলো পাবে না)। আর তোমরা কৃপণতা থেকে দূরে থাকো। কেননা, কৃপণতা পূর্ববর্তী লোকেদেরকে ধ্বংস করেছে। এ কৃপণতা তাদেরকে নিজেদের রক্তপাত করার এবং হারামকে হালাল জানার প্রতি উদ্বুদ্ধ করেছে।”[1]

## English

(26) Chapter: Unlawfulness of Oppression and Restoring Others Rights

Jabir bin 'Abdullah (May Allah bepleased with him) reported:  
Messenger of Allah (ﷺ) said, "Beware of injustice, for oppression will be darkness on the Day of Resurrection; and beware of stinginess because it doomed those who were before you. It incited them to shed blood and treat the unlawful as lawful."

[Muslim]

## ফুটনোট

[1] মুসলিম ২৫৭৮, আহমাদ ১৪০৫২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22543>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন